“কিয়ামতের দিন সবচেয়ে কম শাস্তি প্রাপ্ত লোককে আল্লাহ্ বলবেন, দুনিয়ার মাঝে যত সম্পদ আছে তার তুল্য সম্পদ যদি (আজ) তোমার কাছে থাকত, তাহলে কি তুমি তার বিনিময়ে নিজেকে মুক্ত করার চেষ্টা করতে? সে বলবে, হ্যাঁ

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “কিয়ামতের দিন সবচেয়ে কম শাস্তি প্রাপ্ত লোককে আল্লাহ্ বলবেন, দুনিয়ার মাঝে যত সম্পদ আছে তার তুল্য সম্পদ যদি (আজ) তোমার কাছে থাকত, তাহলে কি তুমি তার বিনিময়ে নিজেকে মুক্ত করার চেষ্টা করতে? সে বলবে, হ্যাঁ। এরপর আল্লাহ্ বলবেন,
আমি তোমাকে এর চেয়েও সহজ কাজের হুকুম দিয়েছিলাম, যখন তুমি আদমের পৃষ্ঠদেশে ছিলে। তা
এই যে, তুমি আমার সাথে কোন কিছুকে শরীক করবে না। কিন্তু তুমি তা অস্বীকার করলে আর
আমার সাথে শরীক করলে”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বর্ণনা করেছেন যে, আল্লাহ তায়ালা জাহান্নামে প্রবেশের পর সবচেয়ে কম শাস্তি ভোগ করা লোকের উদ্দেশ্যে বলবেন: যদি তোমার জন্য দুনিয়া এবং এর মধ্যে যা কিছু আছে সব হয়ে যায় তা সবই কি তুমি এই আযাব থেকে মুক্তিপণ হিসাবে দিয়ে দিবে? সে বলবে: হ্যাঁ, তখন আল্লাহ বলবেন: আমি তোমার থেকে এর চেয়ে সহজ জিনিস তলব করেছি এবং তার আদেশ দিয়েছি, যখন তুমি আদমের পৃষ্ঠদেশে থাকা অবস্থায় তোমার কাছ থেকে অঙ্গীকার নেওয়া হয়েছিল যে, তুমি আমার সাথে কাউকে শরীক করবে না। আমি যখন তোমাকে দুনিয়াতে নিয়ে এসেছি, তখন তুমি শিরক ছাড়া আর কিছুই গ্রহণ করলেনা।

http://sunnah.global/hadeeth/bn/show/8315